

কলাই

জাত :- টি -৯, গৌতম, সারদা , কালিন্দী , পি . ডি . ইউ -১ ।

বীজ বোনার সময় :- আষাঢ় - ভাদ্র মাস ।

বীজের পরিমাণ :- ৩-৪ কেজি প্রতি কানি ।

বীজ শোধন :- হালকা বোদেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেব্র এবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে ।

জীবানু সার প্রয়োগ :- রাইজোবিয়াম জীবানু সার ২০০ গ্রাম প্রতি কেজি বীজের সাথে ভাল ভাবে মাখাতে হবে। জীবানু সার প্রয়োগের আধ ঘন্টা পর বীজ বোনার জন্য তৈরী হয়ে যাবে ।

জমি তৈরী :- তিন থেকেচার বার ভাল ভাবে চাষ দিয়ে এবং মই দিয়ে মাটি মোটামুটি মাঝারী করে ঝরঝরে জমি তৈরি করুন। আগাছা পরিষ্কার করুন। সেচ ও জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করুন।

কানি প্রতি সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

গোবর সার বা খামার পঁচা সার - ৮০০ কেজি,

ইউরিয়া - ৭ কেজি,

সুপার ফসফেট - ৪০ কেজি,

গোবর সার বা খামার পঁচা সার প্রথম চাষে বাকি সব সার মূল জমি তৈরি করার সময় প্রয়োগ করুন ।

বীজ বপনের দূরত্ব :- সারি থেকেসারি ২৫ সেমি, এবং বীজ থেকেবীজের দূরত্ব ১০ সেমিঃ বজায় রাখুন।

অন্তর্বর্তী পরিচর্যা :- বীজ বপনের ২০ থেকে ২৫ দিন পর ভাল করে নিড়ানী দিয়ে আগাছা পরিষ্কার করুন। সারির মধ্যে গাছ থেকে গাছের দূরত্ব ১০ সেমি, বজায় রেখে অতিরিক্ত চারা তুলে ফেলুন। বর্ষাতে জমিতে জল হলে জল নিকাশের ব্যবস্থা করুন ।

সময় কাল :- ৭০ - ৮৫ দিনের ফসল ।

উৎপাদন :- কানি প্রতি উৎপাদন ১৫০ - ২০০ কেজি ।